

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নং- ৪৫.০১.০০০০.১৪০.১১.০০৩.১৮-২৭২

তারিখঃ ২৬ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ
১১ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য অধিদপ্তরাধীন সিভিল সার্জন কার্যালয়, চুয়াডাঙ্গা ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল
নিয়োগের প্রশাসনিক অনুমোদন

সূত্রঃ (১) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬ এর স্মারক নং- ০৭.০০.০০০০.১৫৬.১৫.০৩৯.২০-৩৪৩, তারিখঃ ২৮/০৬/২০২০খ্রিঃ
(২) সিভিল সার্জন অফিস চুয়াডাঙ্গার স্মারক নং- সিএস/চুয়া/শা-১/২০/৮০২, তারিখঃ ০৭/০৫/২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য অধিদপ্তরাধীন সিভিল সার্জন কার্যালয়, চুয়াডাঙ্গা ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহে পরিষ্কার পরিচ্ছন্নতা ও সার্বক্ষণিক সেবা নিশ্চিতকরণার্থে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর ৩(২) অনুচ্ছেদ অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নিয়োক্ত ১৫ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের নিমিত্তে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	সেবার ধরন	সেবা কর্মীর সংখ্যা	সেবার ক্যাটাগরি
(১) সিভিল সার্জন অফিস, চুয়াডাঙ্গা	১	বাবুটি	০৩	ক্যাটাগরি-৪
(২) সদর হাসপাতাল, চুয়াডাঙ্গা	২	ওয়ার্ড বয়	০৩	ক্যাটাগরি-৫
(৩) টিবি ক্লিনিক, চুয়াডাঙ্গা	৩	নিরাপত্তা প্রহরী	০১	ক্যাটাগরি-৫
(৪) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা	৪	পরিচ্ছন্নতা কর্মী	০৮	ক্যাটাগরি-৫
(৫) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দামুড়হুদা				
(৬) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জীবননগর				
মোট-১৫ জন				

শর্তাবলীঃ


- (ক) অর্থ বিভাগের পরিপত্র নং ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯, তারিখঃ ১০/০৬/২০১৯ অনুযায়ী জনপ্রতি সেবার মূল্য নির্ধারণ করতে হবে;
- (খ) সেবা কর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% এর কম হবে না;
- (গ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবা মূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
- (ঘ) এ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;
- (ঙ) পরিচ্ছন্নতা কর্মীর সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতে হবে;
- (চ) আউটসোর্সিং এর জন্য সম্মতকৃত সেবাসমূহের মধ্যে রাজস্বস্বাভাব্য পদ থাকলে তা বিলুপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২

চলমান পাতা-২

- (ছ) ২০১৯-২০২০ অর্থ বছরে অনুমোদিত সেবা কর্মী কর্মরত না থাকলে ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য এ আদেশ কার্যকর হবে না; এবং
- (জ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের সকল নির্দেশনা (জারিকৃত বা জারিতব্য) প্রযোজ্য হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে


(মোঃ আবদুছ সালাম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hds.gov.bd

সিভিল সার্জন
চুয়াডাঙ্গা

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃআঃ যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৬)]।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
- ৩। যুগ্মসচিব (বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। উপসচিব, পার-৪, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চুয়াডাঙ্গা।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। যুগ্ম-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।